# AKASHVANI (AIR)

## RNU : KOLKATA

### Bengali Text Bulletin

**Date 15-10-2025** **Time: 7.50 P.M.**

বিশেষ বিশেষ খবরঃ-

১) দুর্গাপুরে ডাক্তারি ছাত্রীকে ধর্ষণের ঘটনায় ধৃত সহপাঠী ওয়াসিফ আলির সাত দিনের পুলিশ হেফাজত।

ধর্ষণের ঘটনার পরিপ্রেক্ষিতে সিবিআই তদন্তের দাবি জানিয়েছেন ওড়িশার বিজেপি সাংসাদ প্রতাপ সারেঙ্গী।

২) রাজ্যে তৃণমূল কংগ্রেস সরকার নারী ও আদিবাসী বিরোধী বলে বিজেপি অভিযোগ করেছে।

৩) উত্তরবঙ্গে সাম্প্রতিক বন্যা ভূমিধসে ক্ষতিগ্রস্ত চাষীদের সহায়তা দেওয়ার কাজ শুরু করেছে রাজ্য সরকার।

৪) ডেঙ্গু সংক্রমণের হার নিয়ন্ত্রণে রাখতে নগোরন্নয়ন দপ্তর রাজ্যে সব শহর ও শহরতলিতে বাড়ি বাড়ি সমীক্ষা চালাচ্ছে।

৫) বর্ষা বিদায়ে রাজ্যের বহু জায়গাতেই ভোরের দিকে এখন শীতের আমেজ।

৬) মোহনবাগান সুপারজায়ান্ট ও ইস্টবেঙ্গল আগামী শনিবার ১২৫ তম আইএফএ শিল্ড ফুটবলের ফাইনালে মুখোমুখি হচ্ছে।

---------------------------------------------------------------------------------------------

দুর্গাপুরে ডাক্তারি ছাত্রীকে ধর্ষণের ঘটনায় ধৃত তাঁর সহপাঠী ওয়াসেফ আলিকে সাত দিনের পুলিশ হেফাজতে পাঠানো হয়েছে। তাকে আজ দুর্গাপুর আদালতে তোলা হলে বিচারক এই নির্দেশ দেন। ধৃতের বিরুদ্ধে পারস্পরিক পরিকল্পনা করে গণধর্ষণ, ছিনতাই, তোলাবাজি সহ একাধিক ধারায় মামলা রুজু করেছে পুলিশ। আজ অভিযুক্তের মেডিক্যাল পরীক্ষাও করা হয়।

উল্লেখ্য, জিজ্ঞাসাবাদে অসঙ্গতি মেলায় গতরাতে পুলিশ নির্যাতিতার সহপাঠিকে গ্রেফতার করে। এই ঘটনায় এ নিয়ে মোট ৬ জনকে ধরা হল।

অন্যদিকে, এই ঘটনার জেরে পশ্চিম বর্ধমানের কুলটির ১০৩ নং ওয়ার্ডে হাতিলন গ্রামে ‘আমাদের পাড়া আমাদের সমাধান’ কর্মসূচী ব্যাহত হয়। এলাকাবাসীর বিক্ষোভের মুখে পড়েন কর্মসূচীতে আসা সরকারি আধিকারিকরা। শেষে বাতিল হয়ে যায় শিবির।

---------------------

দুর্গাপুরে মেডিকেল পড়ুয়া ছাত্রীকে গণধর্ষণের ঘটনায় রাজ্যের আইনশৃঙ্খলা নিয়ে প্রশ্ন তুলে সিবিআই তদন্তের দাবি জানিয়েছেন ওড়িশার বিজেপি সাংসদ প্রতাপ সাড়েঙ্গি। বিষয়টি নিয়ে এদিন রাজ্যপাল ডক্টর সি ভি আনন্দ বোসের সঙ্গে সাক্ষাত্ করেন তিনি। রাজ্যে একের পর এক ধর্ষণের ঘটনা জাতীয় স্তরে অত্যন্ত উদ্বেগজনক প্রভাব ফেলছে বলে শ্রী সাড়েঙ্গি মন্তব্য করেন। এই ঘটনা নিয়ে কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রীর সঙ্গে কথা বলার জন্য রাজ্যপালের কাছে আর্জি জানান সাংসদ। নির্যাতিতার মেডিকেল রিপোর্ট প্রকাশ্যে আনার দাবি জানিয়েছেন তিনি। পাশাপাশি দুর্গাপুরে নির্যাতিতার সঙ্গে দেখা করতে যাওয়ার বিষয়ে পুলিশের উর্ধ্বতন কর্মকর্তাদের জানানো সত্ত্বেও তাকে বাধার মুখে পড়তে হয়েছিল কেন, সেই প্রশ্নও তুলেছেন বিজেপি সাংসদ।

---------------------

রাজ্যের তৃণমূল কংগ্রেস সরকার নারী এবং আদিবাসী বিরোধী বলে বিজেপি অভিযোগ করেছে। এর প্রতিবাদে কালীপূজোর পর বিজেপি আদিবাসীদের সঙ্গে নিয়ে রাজ্য জুড়ে আন্দোলন গড়ে তুলবে বলে জানিয়েছেন রাজ্যের বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী। জলপাইগুড়ির নাগরাকাটায় সাংসদ খগেন মুর্মু এবং বিধায়ক শঙ্কর ঘোষ এর উপর হামলার প্রতিবাদে বিজেপি আজ কলকাতার কলেজ স্কোয়ার থেকে ডোরিনা ক্রসিং পর্যন্ত মিছিল করে। বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী, কেন্দ্রীয় প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার, লকেট চট্টোপাধ্যায়, বিজেপির প্রাক্তন সভাপতি রাহুল সিনহা প্রমুখ মিছিলে উপস্থিত ছিলেন। সুকান্ত বাবু বলেন, একমাসের মধ্যে নাগরাকাটার ঘটনায় প্রকৃত অপরাধীদের গ্রেফতার করতে হবে।

বাইট

বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী বলেন, "গত কয়েকমাস ধরে রাজ্যের বিভিন্ন প্রান্তে রাজনৈতিক আক্রমণের শিকার হচ্ছেন আদিবাসীরা।

রাজ্যের বিভিন্ন প্রান্তে নারী নির্যাতনের ঘটনা নিয়েও রাজ্যের শাসকদল এর কঠোর সমালোচনা করেন বিজেপি নেতৃবৃন্দ।

---------------------

কোচবিহারে জেলাশাসকের দপ্তরে বিজেপির ডেপুটেশন দেওয়াকে কেন্দ্র করে আজ ব্যপক উত্তেজনা ছড়ায়। নাগরাকাটার বিজেপি সাংসদ এবং বিধায়কের উপর হামলা ও কোচবিহার জেলা জুড়ে বিজেপি কর্মীদের উপর আক্রমণের প্রতিবাদে আজ জেলাশাসকের দপ্তর অভিযান চালায়। ব্যারিকেড করে ঘিরে দেওয়া হয় গোটা এলাকা।

বেশ কিছুক্ষন বচসা চলার পর কয়েকজন বিজেপি বিধায়ক এবং জেলা নেতৃত্বকে দপ্তরে প্রবেশের অনুমতি দেওয়া হয়। কিন্তু জেলাশাসক বিজেপি নেতাদের সঙ্গে দেখা না করায় ধরনায় বসেন তারা।

---------------------

রাজ্য সরকার উত্তরবঙ্গে সাম্প্রতিক বন্যা ও ভূমিধ্বসে ক্ষতিগ্রস্ত চাষীদের সহায়তা দেওয়ার কাজ শুরু করেছে। সেখানকার বর্তমান পরিস্থিতি ও ত্রাণ এবং পুনর্গঠন এর কাজ সরেজমিনে খতিয়ে দেখতে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি গত দু দিন বিভিন্ন ক্ষতিগ্রস্ত এলাকা পরিদর্শন করেন। আজ দার্জিলিঙে জেলা প্রশাসনের আধিকারিকদের সঙ্গেও তিনি বৈঠক করেছেন। মুখ্যমন্ত্রী বলেন জেলাশাসক, বিডিওরা সমীক্ষা রিপোর্ট পাঠানোর পাশাপাশি কৃষি বিভাগও সবকিছু খতিয়ে দেখছে। ইতিমধ্যেই ত্রান শিবিরে থাকা ক্ষতিগ্রস্ত চাষীদের কাছে গিয়ে ফরম পূরণের কাজ শুরু হয়েছে। বাংলা শস্য বীমা প্রকল্পে তাদের সহায়তা করা হবে বলে তিনি জানান। পুজোর আগে কলকাতায় বৃষ্টির জেরে বিদ্যুৎস্পৃষ্ট হয়ে নিহত ১২ জনের পরিবারকে এককালীন ২ লক্ষ টাকা করে আর্থিক সহায়তা এবং পরিবারের একজনকে হোমগার্ডের নিয়োগপত্র তুলে দেওয়া হবে বলে মুখ্যমন্ত্রী জানিয়েছেন।

---------------------

রাজ্যে ভোটার তালিকার বিশেষ নিবিড় সংশোধনী বা এসআইআরের অঙ্গ হিসেবে পুরোনো তালিকার তথ্য মিলিয়ে দেখা বা ম্যাপিং এর মাধ্যমে প্রায় সাড়ে তিন কোটি ভোটারের মিল পাওয়া গেছে। ফলে এসআইআরের সময় ম্যাপিং’-এ মিল থাকা ভোটারদের নতুন করে নথিপত্র, প্রমাণ বা যাচাইয়ের প্রয়োজন হবে না। এসআইআরের প্রস্তুতি হিসাবে রাজ্যে ২০০২ সালের ভোটার তালিকার সঙ্গে সর্বশেষ প্রকাশিত তালিকা

মিলিয়ে দেখা বা ম্যাপিং এর কাজ শেষ পর্যায়ে রয়েছে। রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ কুমার আগরওয়াল জানিয়েছেন সাম্প্রতিক প্রাকৃতিক দুর্যোগে বিপর্যস্ত দার্জিলিং এবং জলপাইগুড়ি জেলা বাদে বাকি সব জেলাতেই এই মিলিয়ে দেখার কাজ প্রায় একশ শতাংশ সম্পন্ন। বাকি জেলা গুলির আগামী কালের মধ্যেই ম্যাপিং এর কাজ শেষ করে তথ্য সংশ্লিষ্ট পোর্টালে আপলোড করার কথা। এপর্যন্ত রাজ্যের সাত টি জেলায় ম্যাপিং এর কাজ একশ শতাংশ সম্পন্ন হয়েছে। এর মধ্যে আলিপুরদুয়ারে ৫৩ শতাংশ, কালিংপং এর ৬৫ শতাংশ, মালদায় ৫৪ শতাংশ, কলকাতা উত্তরের ৫৫ শতাংশ, পশ্চিম মেদিনীপুরে ৬২ শতাংশ, ঝাড়গ্রামে ৫১ শতাংশ এবং পুরুলিয়ায় ৬১ শতাংশ ভোটারের নামের মিল বা সংযোগ পাওয়া গেছে।

---------------------

উৎসবের মরশুমে অনেকেই অনলাইন কেনাকাটা করে থাকেন। পণ্য পরিষেবা কর কাঠামোয় পরিবর্তনের ফলে এবার এই কেনাকাটা অনেক বেড়েছে। ই কমার্স সাইট গুলো এমনিতেই বিভিন্ন ছাড় দিয়ে থাকে তার ওপর gst ছাড়ে কেনাকাটা করতে সুবিধা হয়েছে বলে জানালেন ৩০ বছর বয়সী হিরন্ময় দাস।

বাইট

---------------------

ডেঙ্গু সংক্রমণের হার নিয়ন্ত্রণে রাখতে  নগরোন্নয়ন দফতর,  রাজ্যের সব শহর ও শহরতলিতে বাড়ি-বাড়ি সমীক্ষা চালাচ্ছে। স্টেট আরবান ডেভেলপমেন্ট অথরিটি (সুডা)’-র তত্ত্বাবধানে মে মাস থেকে এই কাজ শুরু হয়েছে, চলবে ডিসেম্বর পর্যন্ত। এই প্রকল্পে খরচ ধরা হয়েছে প্রায় ৯২ কোটি টাকা। এর  মধ্যে ২৬ কোটি টাকা ইতোমধ্যেই বরাদ্দ

করেছে স্বাস্থ্য দফতর। সুডা সূত্রে জানা গিয়েছে, স্বাস্থ্য দফতরের কাছ থেকে মোট ৯১ কোটি টাকার প্রকল্প অনুমোদন চাওয়া হয়েছিল। গত ১ সেপ্টেম্বর প্রথম দফায় ১১ কোটি ৯১ লক্ষ টাকা এবং সম্প্রতি আরও ১৪ কোটি ৩৪ লক্ষ টাকা পাওয়া গেছে। ২০২৫–২৬ অর্থবর্ষে ওই প্রকল্পে নিযুক্ত প্রায় ৪০ হাজার কর্মীর সাম্মানিক বাবদ এই অর্থ  ব্যয় করা হবে।

---------------------

দক্ষিণ কলকাতার কালীঘাট সহ সংলগ্ন এলাকাগুলিতে জল জমার সমস্যা নিরসনে দইঘাটে একটি ব্যারাজ তৈরি করবে কলকাতা পুরসভা। পুরসভার মাসিক অধিবেশনে আজ এই প্রস্তাব অনুমোদিত হয়েছে। পুরভবনে সাংবাদিক বৈঠকে রাজ্যের পুরমন্ত্রী তথা মেয়র ফিরহাদ হাকিম বলেন, এই ব্যারাজ তৈরি হলে একদিকে যেমন আদি গঙ্গার জল পরিচ্ছন্ন থাকবে, তেমনই দক্ষিণ কলকাতার একাধিক অঞ্চলে জমা জলের সমস্যাও কমবে।

বাইট

ব্যারাজটি নির্মাণে প্রায় ১৩৫ কোটি টাকা ব্যয় হতে পারে। পাশাপাশি টালি নালার সংস্কারের জন্য ৮১৭ কোটি টাকার একটি প্রকল্পও হাতে নেওয়া হয়েছে বলে মেয়র জানিয়েছে।

---------------------

টেট পরীক্ষা বাধ্যতামূলক করার বিরুদ্ধে রাজ্য সরকারের কাছে রিভিউ পিটিশন দাখিল, বকেয়া ডিএ মেটানো সহ একগুচ্ছ দাবিতে মাধ্যমিক শিক্ষক ও শিক্ষাকর্মী

সমিতি এসটিইএ আজ স্কুল শিক্ষা দপ্তরের কমিশনার সহ একাধিক বিভাগে স্মারকলিপি জমা দিয়েছে। করুণাময়ী থেকে বিকাশভবন পর্যন্ত মিছিলেরও আয়োজন করা হয়।

---------------------

কলকাতা মেট্রোর ব্লু লাইনে দমদম থেকে ময়দান পর্যন্ত আজ দুপুরে দীর্ঘক্ষণ মেট্রো চলাচল বন্ধ থাকায় ব্যাপক অসুবিধার মুখে পড়েন নিত্যযাত্রীরা। দুপুর ১২ টা ৫০ থেকে প্রায় আড়াইটে পর্যন্ত রেল চলাচল বন্ধ থাকে। তবে ময়দান থেকে শহীদ ক্ষুদীরাম এবং দমদম থেকে দক্ষিণেশ্বর পর্যন্ত মেট্রো চলাচল স্বাভাবিক ছিল।

---------------------

বীরভূমের মহম্মদবাজারে ট্রাক চালকদের কাছ থেকে তোলা আদায়ের অভিযোগে দুই অ্যাসিস্ট্যান্ট সাব ইনস্পেক্টরকে সাসপেন্ড করা হয়েছে। বেশ কিছুদিন ধরেই ঐ দুই এএসআই সইফুল ইসলাম এবং কিরণ মন্ডলের বিরুদ্ধে ট্রাক চালকদের কাছ থেকে তোলা আদায়ের অভিযোগ উঠছিল। দুজনের বিরুদ্ধেই বিভাগীয় তদন্ত শুরু হয়েছে।

---------------------

রাজ্যে বাতাসের বায়ুপ্রবাহের গতিমুখ বদলেছে। ভোরের দিকে শীতের আমেজ অনুভূত হচ্ছে বহু জায়গাতেই। বেশ কয়েকটি জেলায় আজ সর্বনিম্ন তাপমাত্রা ছিল স্বাভাবিকের থেকে কম । শ্রীনিকেতনে সর্বনিম্ন তাপমাত্রা ছিল 19.9 ডিগ্রি সেলসিয়াস যা স্বাভাবিকের থেকে তিন দশমিক দুই ডিগ্রি কম। উলুবেরিয়া বহরমপুর কল্যাণী পানাগড় এবং বাঁকুড়া তেও আজ সর্বনিম্ন তাপমাত্রা স্বাভাবিকের দু থেকে এক ডিগ্রি কম রেকর্ড করা হয়। এদিকে, দক্ষিণ বাংলাদেশ ও সংলগ্ন এলাকা এবং গাঙ্গেয় পশ্চিমবঙ্গ ও ঝাড়খণ্ডের ওপর বায়ুস্তরের উপরিভাগে দুটি ঘূর্ণাবর্ত তৈরি হয়েছে। যদিও তার প্রভাবে

কোন বৃষ্টির পূর্বাভাস দেওয়া হয়নি। রাজ্যের প্রতিটি জেলাতেই আগামী দুদিন শুষ্ক আবহাওয়া থাকবে বলে আলিপুর আবহাওয়া দপ্তর জানিয়েছে।

---------------------

মোহনবাগান সুপারজায়ান্ট ও ইস্টবেঙ্গল ১২৫ তম আই এফ এ শিল্ড ফুটবলের ফাইনালে শনিবার যুবভারতী ক্রীড়াঙ্গনে মুখোমুখি হবে। কিশোর ভারতী ক্রীড়াঙ্গনে আজ মোহনবাগান ২-০ গোলে ইউনাইটেড স্পোর্টস ক্লাবকে হারিয়ে ফাইনালে উঠেছে। সবুজ মেরুন দলের পক্ষে দিমিত্রি পেত্রাতোস ও জেসন কামিন্স গোল করেছেন।

এদিন, কিশোর ভারতী ক্রীড়াঙ্গনে গ্যালারিতে মোহনবাগানের এক শ্রেনীর সমর্থক এশিয়ান চ্যাম্পিয়ন্স লীগ টু এর ম্যাচ খেলতে দল ইরানে না যাওয়ায় বিক্ষোভ দেখান। ম্যাচের পর পরিস্থিতি উত্তপ্ত হয়ে ওঠে। পেত্রাতোস মাঠ থেকে বেরোনোর সময় তার গাড়ি ঘিরে সমর্থকরা বিক্ষোভ দেখাতে থাকেন। অভিযোগ, পুলিশ সমর্থকদের উপর লাঠিচার্জ করে। এতে তিন সমর্থক আহত হয়েছেন বলে জানা গেছে। দুই দলের ফুটবলাররাই স্টেডিয়ামের ভিতরে আটকে পড়েন। ঘন্টাখানেক পর পরিস্থিতি স্বাভাবিক হলে, দু দলের ফুটবলাররা মাঠ ছাড়েন।

--------------------- ---------------------